

আদর্শ শিক্ষক পরিষদের বিবৃতি

অনার্স ও মাস্টার্স ক্লাস থেকে
ইসলামী শিক্ষা তুলে দেয়ার
প্রক্রিয়া একটি ষড়যন্ত্র

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ আদর্শ শিক্ষক পরিষদের সিনিয়র সহ-সভাপতি প্রিন্সিপ্যাল মুহাম্মদ আলী আকবর ও ভারপ্রাপ্ত জেনারেল সেক্রেটারী প্রিন্সিপ্যাল একেএম ফরিদউদ্দিন খান এক যুক্ত বিবৃতিতে অনার্স ও মাস্টার্স ক্লাস থেকে ইসলামের ইতিহাস ও ইসলামী শিক্ষা তুলে দেয়ার প্রক্রিয়া শুরু তীব্র প্রতিবাদ জানিয়েছেন।

নেতৃত্ব বলেন, ইসলামের ইতিহাস ও ইসলামিক স্টাডিজের মত জনপ্রিয় দুটি বিভাগ খোলার ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে কোন কলেজকেই অনুমতি দেয়া হচ্ছে না। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনার্স, প্রিভিয়াস ও মাস্টার্স ফাইনাল ইয়ারের আসন সংখ্যা ১ হাজার ১শ' থেকে কমিয়ে ৬শ' করা হয়েছে। যা একটি ধর্মহীন সেকুলার শিক্ষা ব্যবস্থা কায়েমের ইস্তিত বহন করে। এহেন হীন পদক্ষেপ গ্রহণ হবে অপরিণামদর্শী ও আত্মঘাতী। অতএব, শতকরা ৯০ জন মুসলিম অধ্যুষিত এই দেশে ইসলামী শিক্ষা ও ঐতিহ্যবিরোধী ষড়যন্ত্রমূলক পদক্ষেপ থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট মহলের প্রতি আহবান জানানো হয়।